



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৪-২৫

### অনলাইনে চূড়ান্ত আবেদনের নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৪-২৫ এর জন্য প্রাথমিক আবেদনকারীর মধ্য হতে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে (নির্বাচিত পর্যায়ে) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে সম্পন্ন করতে হবে। চূড়ান্ত আবেদনের পদ্ধতিসহ সকল বিস্তারিত তথ্য admission.ru.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন করা যাবে।

#### (ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রদান

ওয়েবসাইটের হোম পেজে “Start Final Application” বাটনে ক্লিক করলে পরবর্তী পেজে প্রার্থীকে তার SSC/সম্মান এবং HSC/সম্মান উভয় পরীক্ষার রোল, শিক্ষাবোর্ড ও পাশের বছর প্রদান করতে হবে। সেই সাথে পেজে প্রদত্ত একটি ছবিতে দৃশ্যমান সংখ্যা ও অক্ষর (Captcha) যথাস্থানে ইনপুট দিতে হবে।

কারিগরি বোর্ডের শিক্ষার্থীরা শিক্ষা বোর্ডের স্থলে প্রযোজ্য ক্ষেত্রে Technical-Vocational/BM/DCOM, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা BOU এবং GCE, BFA ও ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থীরা HSC/সম্মান বোর্ডের স্থলে Others (GCE-A Level/Diploma/BFA) সিলেক্ট করবে।

সকল তথ্য সঠিক ভাবে পূরণ করে “Submit” বাটনে ক্লিক করলে আবেদনকারীর ছবিসহ ব্যক্তিগত তথ্যের সাথে তার SSC/সম্মান ও HSC/সম্মান পরীক্ষার ফলাফল দেখা যাবে। সকল তথ্য সঠিকভাবে মিলিয়ে নিতে হবে। প্রার্থী যে সকল ইউনিটে চূড়ান্ত আবেদনের জন্য নির্বাচিত হয়েছে তার একটি তালিকা প্রদর্শিত হবে।

#### (খ) আবেদন প্রক্রিয়া

চূড়ান্ত আবেদনযোগ্য ইউনিটসমূহের তালিকা হতে আবেদনকারী যে যে ইউনিটে আবেদন করতে ইচ্ছুক তাদের পাশে টিক চিহ্ন দিতে হবে (আবেদনযোগ্য এক বা একাধিক ইউনিটে একইসাথে অথবা পৃথকভাবে আবেদন করা যাবে)। এরপর “Next” বাটনে ক্লিক করার মাধ্যমে আবেদনের পরবর্তী ধাপে যেতে পারবে। ঠিক ঐ মুহূর্তে আবেদন করতে না চাইলে “Exit” বাটনে ক্লিক করতে হবে।

কোন তথ্য ভুল থাকলে “Back” বাটনে ক্লিক করে পূর্ববর্তী ধাপে ফিরে গিয়ে তা সংশোধন করা যাবে। “Submit Application” বাটনে ক্লিক করলে প্রার্থীর আবেদন সম্পন্ন হবে এবং একটি স্লিপ দেখতে পাবে। উক্ত স্লিপে আবেদনকারীর ছবিসহ Application ID এবং সর্বমোট ফি এর পরিমাণ মুদ্রিত থাকবে। স্লিপটির নিচের দিকে অবস্থিত “Download Payslip” বাটনে ক্লিক করে স্লিপটি প্রিন্ট বা সংরক্ষণ (Save) করা যাবে। এই স্লিপটি অবশ্যই “Admit Card” নয় কিন্তু প্রদত্ত তথ্য পরবর্তীতে প্রয়োজন হবে। Pay Online বাটনে ক্লিক করে Rocket অ্যাকাউন্ট থেকে সরাসরি এই ওয়েবসাইটের মাধ্যমেই ফি প্রদান করলে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হবে। সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত আবেদন সম্পন্ন হবে না।

ফি প্রদানের পরবর্তী ২ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট তথ্য ওয়েবসাইটে আপডেট না হলে Complain Box-এ Complain করতে হবে অথবা হেল্প লাইনে যোগাযোগ করতে হবে। কেবলমাত্র Admit Card ডাউনলোড করলেই আবেদনকারী তার ভর্তি পরীক্ষার রোল নম্বর জানতে পারবে। ০৩/০৩/২০২৫ (দুপুর ১২:০০টা) হতে ০৬/০৩/২০২৫ তারিখ (রাত ১১:৫৯টা) এর মধ্যে Admit Card অবশ্যই ডাউনলোড করতে হবে। নির্দিষ্ট সময়ের পর Admit Card ডাউনলোড করা যাবে না।

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য

Helpline: 01703-899973, 01703-899974

(১১/০২/২০২৫ হতে ২৪/০২/২০২৫ তারিখ প্রতিদিন সকাল ৯:৩০টা – সন্ধ্যা ০৬:৩০টা)

পরিচালক

আইসিটি সেন্টার

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।